গোল্ডেন বেঙ্গল ট্রাভেলস এন্ড ট্যুরস লি: এর মহামান্য হাইকোর্ট বিভাগের রীট আদেশের প্রেক্ষিতে আপীল শুনানীর আদেশনামা

আপীলনং-০১৬/২০২২ তারিখঃ ১৫/০৩/২০

| আদেশের ক্রমিক নং ও তারিখ | আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর | আদে উপ গৃহীত স্ব |
|---|---|---|
| ২১/০৮/২২ | অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। ব্যবস্থাপনা পরিচালকের পক্ষে জনাব মোহাম্মদ ওসমান গনি, পরিচালক, গোল্ডেন বেঙ্গল ট্রাভেলস এন্ড ট্যুরস লি:, ৪২, শহীদ সোহরাওয়ার্দী সড়ক (৩য় তলা) আহমেদ আর্কেড, চট্টগ্রাম শুনানীর জন্য হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। তিনি জানান যে, এজেন্সিটির নবায়ন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ৩১/১০/২০১৯ এবং উক্ত এজেন্সিটির নবায়ন আবেদন দাখিল করা হয় ৩০/১০/২০১৯ তারিখে। তদন্ত কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী লেনদেন সংক্রান্ত প্রমাণপত্র দাখিল করতে না পারার কারণে ৩০/০১/২০২০ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ১৫/০৩/২০২২ তারিখে ০১৬/২০২২ নং আপীল অনলাইনে দায়ের করেন। "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। | |

**বিচার্যবিষয়াবলী:**

(ক) আপিলকারী বর্ণিত যথাসময়ে নিবন্ধনের জন্য সঠিক কাগজপত্রাদি দিয়ে দাখিল করতে না পারার কারণসমূহ যুক্তিযুক্ত কিনা?

(খ) নিবন্ধন কর্তৃপক্ষের আদেশটি ন্যায়সঙ্গত কিনা এবং আপিলকারী প্রতিকার পাওয়ার হকদার কিনা?

**আপিলকারীর বক্তব্য** :

(ক) শুনানীর সময় এজেন্সির ব্যবস্থাপনা পরিচালকের প্রতিনিধি জানান যে, ব্যবসা-বানিজ্য না থাকার কারণে প্রতি বছর পঞ্চাশ লক্ষ টাকা হিসাবে ০৩(তিন) বছরের এক কোটি পঁঞ্চাশ লক্ষ টাকার টিকেট বিক্রয়ের প্রত্যায়ন দিয়ে নবায়ন আবেদন দাখিল না করার কারণে নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক আবেদন বাতিল করেন। উক্ত বাতিলাদেশের বিরুদ্ধে ৬০(ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিষয়টি আমাদের জানা ছিল না। এছাড়া আপীলকারীর প্রতিনিধি নিবন্ধন সংশ্লিষ্ট কয়েকটি কাগজপত্রাদি প্রদর্শন করেন।

**পর্যালোচনা,সিদ্ধান্তএবংসিদ্ধান্তেরকারণসমূহ :**

(ক) আপীলকারী প্রতিনিধির বক্তব্য পর্যালোচনায় দেখা যায় যে, গোল্ডেন বেঙ্গল ট্রাভেলস এন্ড ট্যুরস লি: এজেন্সিটির নিবন্ধন আবেদনের মেয়াদ উত্তীর্ণের তারিখ ছিল ৩১/১০/২০১৯ এবং এজেন্সিটি নবায়ন আবেদন দাখিল করেছেন ৩০/১০/২০১৯ তারিখে। তদন্ত কর্মকর্তার প্রতিবেদন অনুযায়ী লেনদেন সংক্রান্ত প্রমাণ পত্র দাখিল করতে না পারার কারণে" বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর ৫(খ) বিধি অনুসারে ৩০/০১/২০২০ তারিখ নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নবায়ন আবেদন বাতিল করা হয়। "বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন ২০১৩" এর ১০ ধারার বিধান অনুযায়ী নিবন্ধন আবেদন বাতিলাদেশের পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে আপীল আবেদন করার বিধান রয়েছে। কিন্তু আপীলকারী নিবন্ধন আবেদন বাতিল আদেশের বিরুদ্ধে আপীল দায়ের করেছেন ১৫/০৩/২০২২ তারিখে আর্থাৎ নিবন্ধন সনদ নবায়ন আবেদন বাতিলাদেশের প্রায় ০২ (দুই) বছর ০১(এক) মাসের অধিক বিলম্বে যা সরকারি বিধি-বিধানের পরিপন্থী। এতে তিনি ব্যবসা পরিচালনা করতে আগ্রহী কম মর্মে প্রতিয়মান হয়। এছাড়া আপীলকারী উপযুক্ত যুক্তি, প্রমানাদি প্রদর্শনে ব্যর্থ হয়েছেন। তাই নিবন্ধন কর্তৃপক্ষ কর্তৃক নিবন্ধন আবেদন বাতিলাদেশ যথাযথ হয়েছে মর্মে প্রতিয়মান হওয়া আপীল কর্তৃপক্ষ কর্তৃক ২৪.০৪.২০২২ তারিখে নিবন্ধন কর্তৃপক্ষের ৩০/০১/২০২০ তারিখের বাতিলাদেশ বহাল রাখা হয়। পরবর্তীতে আপীলকারী মহামান্য হাইকোর্ট বিভাগের রীট পিটিশন নং-৭৯২৬/২০২২ দায়ের করেন। উক্ত রীট পিটিশনের মহামান্য হাইকোর্ট বিভাগ থেকে ০৪.০৮.২২ তারিখের আদেশে বিদ্যমান আইন ও বিধামালা মোতাবেক নির্ধারিত ফি ও প্রয়োজনীয় কাগজপত্র প্রদান সাপেক্ষে ০৩ (তিন) মাসের মধ্যে উক্ত এজেন্সির নিবন্ধন সনদ নবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।

(খ) এতদপ্রেক্ষিতে আপীলকারীর প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রদর্শন/দাখিলের শুনানী গ্রহণ করা হয়। আপীলকারী ২১.০৮.২০২২ তারিখে উপস্থিত হয়ে কাগজপত্রাদি উপস্থাপন করেন। কিন্তু তিনি ট্রাভেল এজেন্সি কর্তৃক সরকারকে প্রদেয় কর রশিদ/আয়কর রিটার্ন কপি, ট্রাভেল টিকেট সংক্রান্ত বিক্রয় বিবরণী এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি উপস্থাপনে ব্যর্থ হয়েছেন। অতএব আদেশ হলো যে;

**আদেশ**

এ বিষয়ে নিবন্ধন কর্তৃপক্ষ মহামান্য হাইকোর্ট বিভাগের নির্দেশনা অনুযায়ী সকল কাগজপত্র পরীক্ষান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। আদেশটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।

স্বাক্ষরিত/-
তাং-২১.০৮.২০২২
মোঃ অলিউল্লাহ এনডিসি
অতিরিক্ত সচিব (পর্যটন)
ও
আপীল কর্তৃপক্ষ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়
পর্যটন-৩ শাখা

নং-৩০.০০.০০০০.০২৫.৯৯.০১৬.২০২২- ৪১৬ তারিখ: ২৩/০৮/২০২২

সদয় অবগতি ও পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক (বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা।
৩) পুলিশকমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম।
৪) যুগ্ম-সচিব (নিবন্ধন কর্তৃপক্ষ), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৬) উপসচিব (পর্যটন-৩ শাখা), বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, সচিবের দপ্তর, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
৮) প্রোগ্রামার এ মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশে জন্য)।
৯) অতিরিক্ত সচিব (আপীল কর্তৃপক্ষ) এর ব্যক্তিগত কর্মকর্তা, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
১০) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সাত্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা,) ঢাকা-১০০০।
১১) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা।
১২) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সসমূহ------------------------------------
১৩) জনাব মো: ইলিয়াছ, ব্যবস্থাপনা পরিচালক, গোল্ডেন বেঙ্গাল ট্রাভেলস এন্ড ট্যুরসলি:, ৪২, শহীদ সোহরাওয়ার্দী সড়ক (৩য় তলা) আহমেদ আর্কেড, চট্টগ্রাম।

(শ্যামলী নবী) ২৩/৮/২২
উপসচিব
পর্যটন-৩ শাখা
ফোন: ০২-৯৫৪০৮৩৯
ই-মেইল: dstourism3@mocat.gov.bd

E:\Apple Information\হাইকোর্ট মামলা\গোল্ডেন বাঙ্গাল ট্রাভেলস এন্ড ট্যুরস.docx